ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৭১
আগরতলা, ২২ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টীকরণ**

'ধর্মনগরে স্বাস্থ্য পরিষেবায় বেহাল দুর্ভোগ রোগীরা,' এই শিরোনামে গত ১৩ আগস্ট, ২০২৫ তারিখে ত্রিপুরা দর্পণ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে উত্তর জেলা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টীকরণ দিয়ে জানানো হয়েছে যে, উত্তর জেলা কংগ্রেস দলের পক্ষ থেকে একটি প্রতিনিধি দল গত ১২ আগস্ট, ২০২৫ তারিখে উত্তর জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট-এর সঙ্গে ডেপুটেশনে মিলিত হয়। সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া একটি ঘটনার পরিপ্রেক্ষিতে তারা জেলা হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে সাক্ষাৎ করে অবিলম্বে প্রশাসনিক হস্তক্ষেপের দাবি জানান এবং সংশ্লিষ্ট দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এ বিষয়ে জেলা হাসপাতাল কর্তৃপক্ষ উক্ত প্রতিনিধি দলকে আশ্বস্ত করেন যে, যথাযথ তদন্ত সাপেক্ষে যত দ্রুত সম্ভব প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়াও, এই প্রসঙ্গে সংবাদপত্রে যে 'চাপের' বিষয়টি উল্লেখ করা হয়েছে, তা সম্পূর্ণরূপে ভিত্তিহীন ও বিভ্রান্তিকর। ফিল্টার বিতরণ সংক্রান্ত বিষয়ে জেলা হাসপাতাল অফিস কার্যালয়ে ফিল্টার প্রাপ্তির কোনো বৈধ নথি বর্তমানে বিদ্যামান নেই। তবুও, জেলা হাসপাতাল কর্তৃপক্ষ তাদের আশ্বান্ত করেছে যে বিষয়টির যথাযথভাবে তদন্ত করা হবে।

*****